



সানিতা নাশমিন ও আয়েশা আজিজ

ছবি : তানজিম রহমান

## সমাবর্তনে সেরা দুই

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ১৪তম সমাবর্তনে কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য রাষ্ট্রপতি স্বর্ণপদক পেয়েছেন দুই ছাত্রী। তাঁদের সাফল্যগাথা জানাচ্ছেন নাবিদ আহমেদ

বিশ্ববিদ্যালয়ে ভর্তির পর থেকেই লক্ষ্য ছিল সেরা হব। সমাবর্তনে রাষ্ট্রপতির হাত থেকে স্বর্ণপদক নেব—এ রকম স্বপ্নও দেখতাম। সেটা সত্যি হয়ে খুবই ভালো লাগছে’—বলছিলেন আয়েশা আজিজ। এবারের সমাবর্তনে রাষ্ট্রপতি স্বর্ণপদক পাওয়া দুই ছাত্রীর একজন তিনি। স্নাতকের একমাত্র শিক্ষার্থী হিসেবে এ পদক পেয়েছেন আয়েশা। সাফল্যের জন্য নিজের কঠোর পরিশ্রমের সঙ্গে কৃতিত্ব দিলেন বিভাগের শিক্ষক আর পরিবারের সদস্যদের। ‘আমার অর্জনের জন্য প্রত্যেক শিক্ষকের কাছে কৃতজ্ঞ। আমার সবচেয়ে বড় অনুপ্রেরণা বাবা। তাঁর উৎসাহ ছাড়া এত দূর আসতে পারতাম না’—বললেন আয়েশা। ক্যাম্পাসে অবশ্য কেবল পড়াশোনাতেই আটকে ছিলেন না তিনি। স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেছেন টেলিনর ইয়ুথ সামিটে। বিদেশ থেকে উচ্চশিক্ষা শেষ করে নিজ বিশ্ববিদ্যালয়েই শিক্ষকতা করতে চান আয়েশা। তাঁর মতো স্বর্ণপদক পাওয়া আরেক ছাত্রী সানিতা নাশামিনেরও অনুপ্রেরণা বাবা। ‘তিনি অর্থনীতির ছাত্র ছিলেন। তাঁর উৎসাহে আমিও অর্থনীতিতে পড়েছি। স্নাতকোত্তরের সেরা হিসেবে স্বর্ণপদক পাওয়ায় খুবই গর্ব হচ্ছে। আমার চেয়ে মনে হয় বাবাই বেশি খুশি হয়েছেন’—বললেন সানিতা। উচ্চশিক্ষা শেষে সানিতা হতে চান অর্থনীতিবিদ।